

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৭৭৭

२०. रेष्ण (کتاب الحج)

পরিচ্ছেদঃ ২৪. কোন ধরনের শিকারকৃত বস্তু মুহরিম খাইতে পারে

بَابِ مَا يَجُونُ لِلْمُحْرِمِ أَكْلُهُ مِنْ الصَّيْدِ

আরবী

وَحَدَّثِنِي عَنْ مَالِك عَنْ يَحْيَى بْنِ سَعِيدِ الْأَنْصَارِيِّ أَنَّهُ قَالَ أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ الْحَارِثِ التَّيْمِيُّ عَنْ عَمَيْرِ بْنِ سَلَمَةَ الضَّمْرِيِّ عَنْ الْلَهْذِيِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ يُرِيدُ مَكَّةَ وَهُوَ مُحْرِمٌ حَتَّى إِذَا كَانَ الْبَهْذِي ّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ بِالرَّوْحَاءِ إِذَا حِمَارٌ وَحْشِيٌّ عَقِيرٌ فَذُكِرَ ذَلِكَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ دَعُوهُ فَإِنَّهُ يُوشِكُ أَنْ يَأْتِي صَاحِبُهُ فَجَاءَ الْبَهْزِيُّ وَهُوَ صَاحِبُهُ إِلَى النَّبِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ وَسَلَّمَ فَقَالَ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ شَأَنكُمْ بِهِذَا الْحِمَارِ فَأَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبَا وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ شَأَنكُمْ بِهِذَا الْحِمَارِ فَأَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبَا عَلَيْهِ وَسَلَّمَ أَبَا عَلَيْهِ وَسَلَّمَ أَمَر رَجُلًا أَنْ يَقِفَ عَنْ الرَّونَ الرَّونَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَر رَجُلًا أَنْ يَقِفَ عَنْهُ لَا يَرِيبُهُ أَحَدٌ مِنْ النَّاسِ حَتَّى يُجَاوِزَهُ

বাংলা

রেওয়ায়ত ৮২. ঈসা ইবন তালহা ইবনে ওবায়দুল্লাহ্ (রহঃ) উমায়র ইবন সালমা জমরী (রহঃ) হইতে বর্ণনা করেন, উমায়র তাহাকে খবর দিয়াছেন যে, বাহযী[1] (রাঃ) বর্ণনা করেন- ইহরাম বাঁধিয়া রাস্লুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম মঞ্চার উদ্দেশ্যে রওয়ানা হইলেন, রওহা নামক স্থানে পৌছিয়া একটি বন্য গাধা দেখিতে পাওয়া গেল। ইহা সম্পর্কে রাস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে আলোচনা করিলে তিনি বলিলেনঃ ছাড়িয়া দাও, এখন হয়তো উহার মালিক আসিবে। ততক্ষণে বাহযী আসিয়া পৌছিলেন, আর তিনিই উহার মালিক ছিলেন। তিনি বলিলেনঃ হে আল্লাহ্র রাস্লু! ইহা আপনার, সকল ইখতিয়ার আপনারই। শেষে রাস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর নির্দেশে আবু বকর (রাঃ) সঙ্গীদের মধ্যে উহার মাংস বন্টন করিয়া দেন। পরে সকলেই সম্মুখে অগ্রসর হইলেন। রুয়াইসা ও আরজ নামক স্থানদ্বয়ের মধ্যবর্তী উসায়া নামক স্থানে যখন পৌছিলেন তখন একটি গাছের ছায়ায় একটি তীরবিদ্ধ হরিণ মাথা নিচু করিয়া দাঁড়াইয়া থাকিতে দেখা গেল। বর্ণনাকারী ধারণা করিয়াছেন যে, রাস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তখন এক ব্যক্তিকে হরিণটির নিকট দাঁড়াইয়া পাহারা



দিতে নির্দেশ দিলেন, যাহাতে সকলেই উহাকে অতিক্রম করিয়া সম্মুখে চলিয়া না যাওয়া পর্যন্ত কেউ উহার কোন কিছু করিতে না পারে।

English

Yahya related to me from Malik that Yahya ibn Said al-Ansari said that Muhammad ibn Ibrahim ibn al-Harith at-Taymi told him from Isa ibn Talha ibn Ubaydullah, fromUmayr ibn Salama ad-Damri, from al-Bahzi, that the Messenger of Allah, may Allah bless him and grant him peace, set out once for Makka while in ihram. When they had reached ar-Rawha, they unexpectedly came upon a wounded wild ass. Someone mentioned it to the Messenger of Allah, may Allah bless him and grant him peace, and hesaid, "Leave it. The man to whom it belongs is about to come." Then al-Bahzi, who was the man, came to the Prophet, may Allah bless him and grant him peace, and said, "Messenger of Allah, do whatever you want with this ass,' and the Messenger of Allah, may Allah bless him and grant him peace, told Abu Bakr to divide it up among the company. Then they went on until they came to the well of al-Uthaba, which was between ar-Ruwaytha and al-Ari (between Makka and Madina), where they unexpectedly came upon a gazelle with an arrow in it, lying on its side in some shade. He claimed that the Messenger of Allah, may Allah bless him and grant him peace, told someone to stand by it to make sure no one disturbed it until everyone had passed by.

ফুটনোট

[1] তাহার নাম যায়দ ইবন কা'ব বলিয়া উল্লেখ করা হইয়াছে। -আউজাবুল মাসালিক।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন